

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।

বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

(অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা অনুযায়ী)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স লিয়া প্রপার্টিজ লিমিটেড, ব্যবস্থাপনা পরিচালক, এরশাদুল হক, ২৮২, মোমিন রোড (৩য় তলা), জামাল খান লেইন, থানা- কোতোয়ালী, চট্টগ্রাম, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা হইতে গৃহীত ঋণের বিপরীতে নিম্ন তফসীলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার নামা দলিল মূলে আদালতের আদেশ ছাড়াই ইহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক অত্র ব্যাংক হইতে গৃহীত ঋণ পরিশোধ না করায় খেলাপী ঋণ বাবদ অত্র ব্যাংকের পাওনা ১৫-০৫-২০১৯ইং পর্যন্ত সুদাসলে ৫,৬০,৪২,৯০৭.৫০ (টাকা পাঁচ কোটি ষাট লক্ষ বিয়াল্লিশ হাজার নয়শত সাত এবং পয়সা পঞ্চাশ) টাকা সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয় পূর্বক ঋণ আদায়ার্থে ঋণের জামানত হিসাবে (১) মোহাম্মদ জাহেদুল আলম, পিতা-মরহুম শাহ আলম (২) সাইফুল আলম, পিতা-শাহ আলম, (৩) জান্নাতুল ফেরদৌস, পিতা-শাহ আলম, (৪) নুরুল আলম, পিতা- মাহবুব আলম, (৫) জাহেদুল আলম, পিতা-মাহবুব আলম, (৬) ফরিদা বেগম, পিতা-মাহবুব আলম, (৭) সায়রা বেগম, পিতা-মাহবুব আলম, (৮) রিজিয়া বেগম, পিতা-মাহবুব আলম, সকলের ঠিকানা-পশ্চিম বাকলিয়া, ডিসি রোড, হাজী শাহ আলমের বাড়ী, ডাকঘর-চকবাজার, চট্টগ্রাম, (৯) সৈয়দ রফিক উদ্দীন আহমেদ, পিতা-মৃত জালাল উদ্দীন আহমেদ, হেমসেন লেইন, জামাল খান, থানা-কোতোয়ালী, চট্টগ্রাম কর্তৃক অত্র ব্যাংকের বরাবরে বন্ধককৃত নিম্ন তপসিলের সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে:-

তফসিল

জিলা-চট্টগ্রাম, সাবেক থানা-পাঁচলাইশ, তৎপর থানা-চান্দগাঁও, বর্তমানে-থানা-বাকলিয়া, মৌজা-বাকলিয়া, আরএস ৬৫১নং খতিয়ানের আরএস ৩১৮৪ এবং ৩১৮৫ দাগাদির আন্দর সামিল পিএস ৫৫৫/১২৫১ নং খতিয়ানাদির পিএস ২৭১২, ২৭১৩, ২৭২১ ও ২৭২২ দাগাদির আন্দর সামিল নামজারী ও জমাভাগ বিএস ৫১৯/১, ৫১৯/২, ৫১৯/৩, ৫১৯/৪, ৫১৯/৫ ও ৫১৯/৬ খতিয়ানাদির বিএস ২৪১০৬ ও ২৪১০৭ দাগাদির ০.২১৮৭ একর বা ১০গন্ডা ২কড়া ২কঠ ১-৩/১জমি এবং ইহাতে স্থিত লিয়া এ আর রেসিডেন্স নামক ছয়তলা এপার্টমেন্ট ভবন/দালান,স্থাপনাদি,সুযোগ সুবিধাদি, যাহার উত্তরে- আকতার হোসেন ও অন্যান্য, দক্ষিণে-সৈয়দ রফিক উদ্দীন ও অন্যান্য, পূর্বে- ডিসি রোড ও পশ্চিমে- রাস্তা ও খাল।

দরপত্রের শর্তাবলী :-

- ১। দরপত্র আগামী ২৬/০৬/২০১৯ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা, চট্টগ্রামে রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে। ঐদিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা।